ANNUAL REPORT

2017-2018



AZIZ PIPES LIMITED




৩৬তম বার্ষিক সাধারণ সভায় উপবিষ্ট (বাম থেকে) পরিচালকবৃন্দ, চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক (সিসি) ও সহ কোম্পানী সচিব।



৩৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের একাংশ।




ANNUAL REPORT
2017-2018



AZIZ PIPES LIMITED

Registered Office : 93, Motijheel C/A (3rd Floor), Dhaka-1000, Tel : 9562691
Fax : 88-02-9559675, URL : www.azizpipes.com, E-mail : info@azizpipes.com
Factory : Amirabad (Shibrampur), Faridpur.



Contents

Board of Directors 03

Letter of the Transmittal 04

Corporate Information 05

Notice of the 37th Annual General Meeting 06

Short Profile of Directors 07

Report of the Directors 09

Report of the Audit Committee 14

Declaration of Managing Director & Chief Financial Officer to the Board 15

Corporate Governance Compliance Status Report 16

Certificate of Compliance of Corporate Governance Code 23

Auditors' Report to the shareholders 24

Statement of Financial Position 26

Statement of Comprehensive Income 27

Statement of Changes in Equity 28

Statement of Cash flows 29

Unit wise Statement of Financial Position 30

Unit wise Statement of Comprehensive Income 32

Notes to the Financial Statements 34

Renewed Certificate of BAPLC 63

Proxy Form and Attendance Slip 64

AMAR STOCK

Board of Directors



Md. Kamal Hossain Gazi
Chairman



Mohd. Abdul Halim
Director



Mohd. Ahsan Ullah
Director



Mohd. Asad Ullah
Director



Md. Aminul Quader Khan
Director



A T M Ahmedur Rahman
Director



Khandaker Nuruzzaman
Independent Director



Md. Nurul Hoque
Independent Director



Md. Nurul Absar
Managing Director (CC)



LETTER OF TRANSMITTAL

All shareholder's
Bangladesh Securities & Exchange Commission
Registrar of Joint Stock Companies & firms
Dhaka Stock Exchange Limited
Chittagong Stock Exchange Limited

Sub: Annual Report for the year ended 30 June 2018.

Dear Sir(s),

We are pleased to enclose a copy of the Annual Report for the year ended 30 June 2018 togather with the Audited Financial Statements. Directors Report for the year ended 30 June 2018 for your kind informantion and record.

Yours faithfully,

(AHM Zakaria)
Asst. Company Secretary

AMARSTOCK



CORPORATE INFORMATION

The Company

AZIZ PIPES LIMITED

Year of Incorporation 1981
Year of Commencement of Production 1985

MANAGEMENT PERSONNEL

Md. Nurul Absar	Managing Director (C.C)
A.H.M. Zakaria	AGM & Asst. Company Secretary
Sheikh Farid Ahmed	Factory Manager
Md. Mokbul Hossain	Manager (Sales & Commercial)
Md. Rashidul Hassan	Internal Auditor & Compliance Officer
Pavel Ahmed	Accounts Officer

Bankers :

Uttara Bank Ltd. : Corporate Branch, 90, Motijheel C/A, Dhaka-1000
National Bank Ltd. : Motijheel Branch, Dhaka
Southeast Bank : Principal Branch, 1 Dilkusha C/A, Dhaka.
Dutch Bangla Bank : Motijheel Foreign Exchange Branch
55, Motijheel C/A, Dhaka-1000


Registered Office :
Aziz Bhaban
93, Motijheel C/A (3rd floor), Dhaka-1000

Factory :
Amirabad (Shibrampur), Faridpur.

Product :
Upvc Rigid Pipes
& PVC Profiles

Auditors:
Khan Wahab Shafique Rahman & Co.
Chartered Accountants
Rupali Bima Bhaban, 7 Rajuk Avenue
Motijheel, Dhaka-1000.

AMARSTOCK



AZIZ PIPES LIMITED

Head Office:93, Motijheel C/A, Dhaka-1000.
Phone: 9562691, Fax: 9559675, Website: www.azizpipes.com

NOTICE OF THE 37TH ANNUAL GENERAL MEETING

Notice is hereby given that the 37th Annual General Meeting of Aziz Pipes Limited will be held on Thursday, the 6th December, 2018 at 10.00 am. at Institution of Diploma Engineers Bangladesh (IDEB) Bhaban, 160/A, Kakrail, VIP Road, Dhaka to transact the following business:

1. To receive, consider and adopt the Audited Financial Statement for the year ended 30 June, 2018 with reports of the Auditors' and the Directors' thereon.
2. To approve 5% stock dividend as recommended by the Board of Directors for the year ended June 30, 2018.
3. To elect Directors.
4. To approve the appointment of Independent Director.
5. To appoint External Auditors for the year 2018-2019 and to fix their remuneration.
6. To appoint Corporate Governance auditors for the year 2018-2019

BY ORDER OF THE BOARD

(A.H.M Zakaria)
Assistant Company Secretary

Dated: 28-10-2018

Notes:

(a) November 18, 2018 is the Record Date. The shareholders whose names will appear in the Members register of the company or in the Depository Register on that date will eligible to attend at the AGM and to receive the dividend.

(b) A Member entitled to attend and vote may appoint a proxy in his stead. The proxy form attached with the Annual Report to be duly affixed with Tk. 20.00 revenue stamp and must be deposited at the Registered Office of the Company not later than 48 hours before the time fixed for the Meeting. Annual report and proxy form can be available on the website www.azizpipes.com

(c) Members are requested to notify their change of address, if any, to the Company.

(d) Admission to the Meeting room will be strictly on production of the attendance slip sent with the Annual Report.

- No gift or benefit in cash or kind shall be paid/offered to the shareholders in the 37th AGM as per BSEC Directive No.SEC/CMRRCD/2009-193/154 dated 24.10.2013.

AMARSTOCK

পরিচালকদের সংক্ষিপ্ত জীবন-বৃত্তান্ত



মোঃ কামাল হোসেন গাজী
চেয়ারম্যান

মোঃ কামাল হোসেন গাজী ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৮৭ সনে মার্কেটিং বিষয়ে সম্মান সহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভের পর ঐ বছরই তিনি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর সিনিয়র অফিসার হিসেবে কর্মজীবন শুরু করেন। বর্তমানে তিনি আইসিবি'র জেনারেল ম্যানেজার হিসেবে অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স, লিগ্যাল অ্যাফেয়ার্স, এন্টি মানি লন্ডারিং, ক্ষুদ্র ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারী সহায়তা তহবিল ডিভিশন সমূহের তত্ত্বাবধানের দায়িত্বে রয়েছেন। এ ছাড়াও তাঁর সুদীর্ঘ ৩০ বৎসর কর্মজীবনে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিভাগ ও ডিভিশনে কাজের অভিজ্ঞতা সহ আইসিবি'র চট্টগ্রাম, খুলনা ও বগুড়া শাখার শাখা প্রধান হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা রয়েছে। জনাব গাজী দেশে এবং বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীতে অংশ গ্রহণ করেছেন। তিনি বর্তমানে আইসিবি'র প্রতিনিধি হিসেবে আজিজ পাইপস লিঃ এর চেয়ারম্যান হিসেবে মার্চ ২৭, ২০১৭ থেকে দায়িত্ব পালন করছেন। এ ছাড়াও তিনি বাংলাদেশ ওয়েলডিং লিঃ এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।



মোহাম্মদ আব্দুল হালিম
উদ্যোক্তা পরিচালক

মোহাম্মদ আব্দুল হালিম, উদ্যোক্তা পরিচালক হিসেবে আজিজ পাইপস্ লিমিটেডের দায়িত্ব পালন করছেন। তিনি অর্থনীতি বিষয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৫ সালে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি বিভিন্ন ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন। এক্ষেত্রে তার দীর্ঘ ৪১ বৎসর অভিজ্ঞতা আছে। তিনি প্রথম বেসরকারী ব্যাংক, ন্যাশনাল ব্যাংক লিমিটেডের সাবেক পরিচালক ছিলেন।



মোহাম্মদ আহসান উল্লাহ্
উদ্যোক্তা পরিচালক

মোহাম্মদ আহসান উল্লাহ্ আজিজ পাইপস্ লিমিটেডের একজন উদ্যোক্তা পরিচালক। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি লাভ করেন। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।



মোহাম্মদ আসাদ উল্লাহ
পরিচালক

মোহাম্মদ আসাদ উল্লাহ্ বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ করেন এবং অহিও স্টেট ইউনির্ভাসিটি, ইউ.এস.এ থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি আজিজ পাইপস্ লিমিটেডের একজন পরিচালক। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।



মোঃ আমিনুল কাদের খান
পরিচালক

মোঃ আমিনুল কাদের খান ব্যবস্থাপনা বিষয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৬ সালে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট থেকে ব্যাংকিং ডিপ্লোমা সম্পন্ন করেন। বর্তমানে তিনি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর উপ-মহাব্যবস্থাপক এবং স্থানীয় কার্যালয়ের শাখা প্রধান হিসেবে কর্মরত আছেন। উক্ত প্রতিষ্ঠানে তার সুদীর্ঘ ৩০ বছরের কর্ম অভিজ্ঞতা আছে। তিনি আইসিবি এর প্রতিনিধি হিসেবে আজিজ পাইপস্ লিমিটেড এর পরিচালকের দায়িত্ব পালন করছেন। ইহা ছাড়াও তিনি সোনারগাঁও ট্রেক্সটাইল লিঃ ও আইএন্ডএ সোয়েটার লিমিটেডের পরিচালক হিসেবে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর প্রতিনিধিত্ব করেন।



এ.টি.এম আহমেদুর রহমান
পরিচালক
এ.টি.এম আহমেদুর রহমান ফিন্যান্স বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৫ ব্যাচে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন এবং একই বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন থেকে এমবিএ ডিগ্রী অর্জন করেন। বর্তমানে তিনি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর উপ-মহাব্যবস্থাপক হিসেবে কর্মরত রয়েছেন। উক্ত প্রতিষ্ঠানে তার সুদীর্ঘ ২৮ বছরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। তিনি আইসিবি এর প্রতিনিধি হিসেবে আজিজ পাইপস্ লিমিটেড এর পরিচালকের দায়িত্ব পালন করছেন।



খন্দকার নূরুজ্জামান
স্বতন্ত্র পরিচালক
খন্দকার নূরুজ্জামান ১৯৭৫ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে সম্মানসহ মাস্টার্স ডিগ্রী এবং বিটিএ স্কলারশীপ পেয়ে যুক্তরাজ্যের ব্রাডফোর্ট বিশ্ববিদ্যালয় থেকে উন্নয়ন অর্থনীতি বিষয়ে এমএসসি ডিগ্রী লাভ করেন। তিনি বাংলাদেশ প্লানিং কমিশনের কার্যক্রম বিভাগের প্রধান হিসেবে ২০১৪ সালে অবসর গ্রহণ করেন। কর্মকালীন সময়ে তিনি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, জাপান, চীন, সিঙ্গাপুর, থাইল্যান্ড, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, বেলজিয়াম, ফ্রান্স এবং ভারতসহ বিভিন্ন দেশে পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বিভিন্ন মন্ত্রণালয়ে তাঁর সুদীর্ঘ ৩৬ বছরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ এবং শিল্প মন্ত্রণালয়ে চাকুরীকালীন সময়ে তিনি বিভিন্ন সরকারী কোম্পানীর বোর্ডে সরকার কর্তৃক মনোনিত পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি আজিজ পাইপস্ লিমিটেডের স্বতন্ত্র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।



মোঃ নূরুল হক
স্বতন্ত্র পরিচালক
মোঃ নূরুল হক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনা বিষয়ে ১৯৬৯ সালে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৭০ সালে তদানিন্তন হাবিব ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয় করাচিতে অফিসার হিসেবে কর্মজীবন শুরু করেন। তিনি অগ্রণী ব্যাংক লিমিটেডের বিভিন্ন শাখায় গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত থেকে ২০০৩ সালে উপ-মহাব্যবস্থাপক পদ থেকে অবসর গ্রহণ করেন। ইহা ছাড়াও তিনি ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেডের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। ব্যাংকিং সেক্টরে তার সুদীর্ঘ ৩৭ বৎসরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। কর্মজীবনে তিনি যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড, হংকং, পকিস্তান ও ভারতে পেশাগত প্রশিক্ষণ গ্রহণ ও সফর করেছেন। বর্তমানে তিনি আজিজ পাইপস্ লিমিটেডের স্বতন্ত্র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।



মোঃ নুরুল আবছার
ব্যবস্থাপনা পরিচালক (সি.সি)
মোঃ নুরুল আবছার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৯ সালে হিসাববিজ্ঞানে স্নাতকোত্তর এবং একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে এল.এল.বি ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি আইসিএবি এর আওতাধীন সিএ ফার্ম মেসার্স এ ওহাব এন্ড কোং থেকে সিএ কোর্স সম্পন্ন করেন। ১৯৯৬ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক পদে যোগদান করেন এবং পরবর্তীতে বিভিন্ন পদে নিয়োজিত ছিলেন ও ২০০৯ সালে প্রধান অর্থ কর্মকর্তা হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ৩০ এপ্রিল ২০১৪ তারিখ থেকে ব্যবস্থাপনা পরিচালক এর চলতি দায়িত্ব পালন করছেন।



পরিচালকবৃন্দের প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারগণ, অতিথিবৃন্দ, সহকর্মীগণ এবং উপস্থিত সুধীবৃন্দ।
আস্‌সালামু আলাইকুম।
আমি পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আজিজ পাইপস্ লিমিটেডের ৩৭তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাচ্ছি এবং ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং পরিচালকবৃন্দের প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করছি।

১। কোম্পানির কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পর্যালোচনা ঃ

আজিজ পাইপস্ লিমিটেড প্রতিষ্ঠালগ্ন থেকে ইউপিভিসি পাইপ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদনে অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং আগামিতে এ ধারা অব্যাহত থাকবে বলে আশা করি। আপনাদের আন্তরিক ভালোবাসায় ও সহযোগীতায় বন্ধুরপথ অতিক্রম করে কোম্পানি সফলতার সাথে সুন্দর আগামির দিকে অগ্রসরায়মান। আপনারা অবগত আছেন যে, গত বছর কোম্পানি ৫% স্টক লভ্যাংশ প্রদান করতে সামর্থ্য হয়েছিল। সেই ধারাবাহিকতা বজায় রেখে ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরে কোম্পানি ৩৫,৪৪,৯৩৩/- টাকা নীট মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে। পরিচালনা পর্ষদের অদম্য আগ্রহ ও সঠিক নির্দেশনায় শতপ্রতিকুলতা, বাধা-বিপত্তি অতিক্রম করে কোম্পানি চলতি বছরে তার বিক্রয় কার্যক্রম প্রায় শতকরা আট ভাগ বৃদ্ধি করতে সক্ষম হয়েছে।

২। আর্থিক ফলাফল ঃ

৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরের আর্থিক ফলাফল এবং বিগত পাঁচ বৎসরের আর্থিক ফলাফলের একটি তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলো ঃ

টাকায়

বিবরণ	৩০ জুন ২০১৮	৩০ জুন ২০১৭	৩০ জুন ২০১৬	২০১৫ সাল	২০১৪ সাল	২০১৩ সাল
১। বিক্রয়	২৫২,৪৭৩,৮৫৬	২৩৩,৪৬৬,২৪৮	২১৭,৭৯৬,৩৯২	২১০,৪৯১,৫২৯	৩০৬,৯৫৬,৭৫৬	৩৩৫,৫৩৫,০৯৪
২। বাদঃ বিক্রিত পণ্যের ব্যয়	২২১,৯৩২,৩৫৭	২০৭,২৬২,৯১৬	২০১,০৩২,৭২৮	১৯৯,৬২৯,৪২৪	২৯০,৪০৯,২৬০	৩০৩,০৬৭,৩০১
৩। মোট লাভ (১-২)	৩০,৫৪১,৪৯৯	২৬,২০৩,৩৩২	১৬,৭৬৩,৬৬৪	১০,৮৬২,১০৫	১৬,৫৪৭,৪৯৬	৩২,৪৬৭,৭৯৩
৪। বাদঃ পরিচালন খরচ	২৬,৫৮৯,৪৮৭	২৩,১৩৯,৪৮৩	১৯,৭০৫,২১৭	১,৯৮,৪০,৬৭১	২,২৫,২৮,১৬০	২৮,৯৯৭,০৪৩
৫। পরিচালন লাভ/(ক্ষতি) (৩-৪)	৩,৯৫২,০১২	৩,০৬৩,৮৪৯	(২,৯৪১,৫৫৩)	(৮৯,৭৮,৫৬৬)	(৫৯,৮০,৬৬৪)	৩,৪৭০,৭৫০
৬। প্রাক উৎপাদন খরচ সমন্বয়	-	-	১৮,৩৬০,০৩১	১০,০০,০০০	১০,০০,০০০	১০,০০,০০০
৭। বাদঃ শ্রমিকদের মুনাফা তহবিল	১৯৭,৬০১	১৫৩,১৫৭	-	--	--	১১৭,৬৫৫
৮। বাদঃ আয়কর সঞ্চিতি	২০৯,৪৭৮	১৫১,৯৮৩	(১,৬৭৩,০৫৩)	১,২০৩,৩০১	৫৮৮,৯৬৯	৮৯০,২৮৭
৯। পূর্ববর্তী বছরের সমন্বয়	-	-	(৮,২৩৮,৪৮৩)			
১০। নীট লাভ/(ক্ষতি)	৩,৫৪৪,৯৩৩	২,৭৫৮,৭০৯	(১১,৩৯০,০৪৮)	(৮,৭৭৫,২৬৫)	(৬,৩৯১,৬৯৫)	১,৪৬২,৮০৮
১১। শেয়ার প্রতি আয়	.৭০	.৫৭	(২.৩৫)	(১.৮১)	(১.৩১)	.৩০

৩। নীট মুনাফা বন্টন ঃ

কোম্পানি চলতি বছর ৩৫,৪৪,৯৩৩/- টাকা নীট মুনাফা অর্জন করতে সামর্থ্য হয়েছে। পর্ষদ নিম্নবর্নিতভাবে উল্লেখিত নীট মুনাফা বন্টনের সুপারিশ করেছে;

ক) ২০১৭-২০১৮ সালের জন্য প্রস্তাবিত ৫% স্টক লভ্যাংশ	-	২,৫৪৬,২৫০.০০ টাকা
খ) অর্জিত আয় হিসাবে স্থানান্তর	-	৯৯৮,৬৮৩.০০ টাকা
নীট মুনাফা	-	৩,৫৪৪,৯৩৩.০০ টাকা

৪। পরিকল্পনা বাস্তবায়নঃ

পরিচালনা পর্ষদে কোম্পানির উন্নয়নকল্পে গৃহীত পরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নে বর্ণিত হলঃ

ক) কোম্পানি স্থায়ী সম্পত্তি (ভূমি) পুনর্মূল্যায়ন করা হয়েছে, যেখানে Revaluation Surplus হয়েছে ১৬,৮২,২৬,৩৩৯/- টাকা।


খ) BMRE এর অংশ হিসেবে হজ্ব ফাইনান্স কোম্পানি লিমিটেডের আর্থিক সহায়তায় একটি নতুন প্রোডাকশন লাইন ১,৬১,৩১,৮২০/- টাকায় ক্রয় করে কারখানায় স্থাপন করা হয়েছে।

গ) বিক্রয় কার্যক্রম প্রসার ও গতিশীল করার লক্ষ্যে চট্টগ্রাম, সিলেট ও বরিশালে বিক্রয় কার্যক্রম প্রসারের উদ্যোগ নেওয়া হয়েছে।

ঘ) সাউথইস্ট ব্যাংক লিঃ ও ন্যাশনাল ব্যাংক লিমিটেডের পূনঃতফসিলীকৃত ঋণের কিস্তি নিয়মিত পরিশোধ করা হচ্ছে।

ঙ) উৎপাদিত পণ্যের খরচ কমানোর পদক্ষেপ গ্রহণ করার ফলে আর্থিক সাশ্রয় হয়েছে।

চ) সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে বিলম্বে পরিশোধের শর্তে কাঁচামাল ক্রয় করে উৎপাদন কার্যক্রম অব্যাহত রয়েছে।



৫। ভবিষ্যৎ পরিকল্পনাঃ

কোম্পানির কার্যক্রম বৃদ্ধি এবং প্রতিবন্ধকতা দূর করে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পর্ষদে ২০১৮-২০১৯ আর্থিক বছরের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক) ডাচবাংলা ব্যাংক লিঃ ও উত্তরা ব্যাংক লিমিটেড এর মামলা নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং পুনঃতফসিলীকৃত ঋণের কিস্তি পরিশোধের চেষ্টা অব্যাহত রাখা এবং চলতি মূলধন/তহবিল ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

খ) উৎপাদন কাজে ব্যবহৃত পুরাতন যন্ত্রপাতি BMRE এর ব্যবস্থাকরন;

গ) নিজস্ব উদ্যোগে কাঁচামাল আমদানী করে উৎপাদন খরচ কমানোর এবং বিক্রয় কার্যক্রম প্রসারের লক্ষ্যে বিক্রয় এলাকা বৃদ্ধিসহ বিক্রয় প্রতিনিধি নিয়োগ করে বিক্রয় কার্যক্রম বৃদ্ধির পদক্ষেপ অব্যাহত রাখা। বর্ণিত কাজে সমস্যা এবং বাধা থাকা সত্ত্বেও পরিকল্পনাসমূহ বাস্তবায়ন সম্ভব হলে আমাদের কোম্পানির উৎপাদন ও বিক্রয় কার্যক্রম বৃদ্ধি করে লাভজনকভাবে সাফল্যের ধারা অব্যাহত রাখা সম্ভব হবে।

৬। আগামি আর্থিক বছরের প্রত্যাশাঃ

কোম্পানিতে ব্যবহৃত অন্যান্য মেশিনারীজের BMRE এর ব্যবস্থা করা। তহবিল/ চলতি মূলধনের ব্যবস্থা গ্রহণ করা, উৎপাদন ক্ষমতার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে বিক্রয় কার্যক্রম প্রসারিত করে লাভের ধারা অব্যাহত রাখা।

৭। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ঃ

কোম্পানির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি বিদ্যমান আছে এবং এক্ষেত্রে একজন অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা ২২১তম পর্ষদ সভায় নিয়োগপ্রাপ্ত হয়ে দায়িত্ব পালন করছেন।

৮। মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন ঃ

কোম্পানিতে কর্মরত সকলেই কোম্পানির জন্য মূল্যবান সম্পদ। কর্মকর্তা কর্মচারীদের পেশাগত দক্ষতা ও সার্বিক মান ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কারিগরি, তথ্য প্রযুক্তিগত ও আধুনিক প্রশিক্ষণে প্রশিক্ষিত করে পেশাগত জ্ঞানে দক্ষ করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করেছে। প্রশিক্ষিত জনবল উৎপাদন প্রক্রিয়ায় সার্বিক মান নিয়ন্ত্রনের মাধ্যমে গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদন করে এবং গ্রাহক সেবা সমুন্নত রাখতে কোম্পানি আন্তরিক।

৯। কোম্পানির পণ্যসমূহ ঃ

কোম্পানি আন্তর্জাতিক মান বজায় রেখে গুণগতমান সম্পন্ন ইউপিভিসি পাইপ ও পিভিসি প্রোফাইল তৈরী ও বাজারজাতকরণ কর্যক্রম অব্যাহত রেখেছে। বর্তমানে চলতি মূলধন সংকটের কারণে প্লাস্টিক উডের উৎপাদন কার্যক্রম বন্ধ রয়েছে। কোম্পানি ফিটিংস তৈরী করে বাজারজাত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

১০। উৎপাদিত পণ্যের ব্যয় ঃ

চলতি বছর নিজস্ব উদ্যোগে সরাসরি L/C খুলে আংশিক কাঁচামাল আমদানী করতে পারায়, উৎপাদিত পণ্যের ব্যয় (COGS) তুলনামূলকভাবে কিছুটা কমেছে, যা মোট মুনাফা (Gross profit) বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করেছে।

১১। মূলধনী বিনিয়োগ ঃ

কোম্পানির উৎপাদন অব্যাহত রাখার জন্য চলতি বছরে প্রায় ২৩২.০০ লক্ষ টাকার মূলধনী বিনিয়োগ হয়েছে।

১২। প্রাতিষ্ঠানিক সুশাসন ঃ

আজিজ পাইপস্ লিঃ সর্বদাই সকল প্রকার আইন ও নীতিমালা এবং কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন্স পরিপালনে অঙ্গীকারাবদ্ধ। প্রাতিষ্ঠানিক সুশাসন চলমান রাখার নিমিত্তে কোম্পানি বিএসইসি, ডিএসই, সিএসই ও অন্যান্য সরকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ম ও আইনকানুন কঠোরভাবে পালন করে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত নোটিফিকেশন মোতাবেক কোম্পানি কর্পোরেট গভর্নেন্স কোড পরিপালন করেছে মর্মে নিরীক্ষা প্রত্যায়নের জন্য নিরীক্ষা প্রতিষ্ঠান মেসার্স এফএএমইএস এন্ড আর, চ্যার্টার্ড একাউনটেন্টস কে নিয়োগ করা হয়েছে।

১৩। লভ্যাংশ ঘোষণাঃ

আলোচ্য আর্থিক বছরে কোম্পানি ৩৫,৪৪,৯৩৩/- টাকা নীট লাভ করেছে। এবছরে নীট মুনাফা অর্জিত হলেও পুঞ্জীভূত লোকসানের পরিমান এখনও ৪৭১,৫৬৩,২০৪ টাকা। কোম্পানির আর্থিক সামর্থ্য ও সাধারণ সঞ্চিতির পরিমানও লভ্যাংশ প্রদানের জন্য অনুকূলে না থাকলেও শুধুমাত্র ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরের অর্জিত নীট মুনাফাকে বিবেচনায় নিয়ে শেয়ারহোল্ডারদের স্বার্থরক্ষার্থে কোম্পানির পরিচালনা পর্ষদ ৫ শতাংশ স্টক লভ্যাংশ ঘোষনার প্রস্তাব করছে।

১৪। কোম্পানির কর্পোরেট প্রতিবেদন ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের দিক নির্দেশানুযায়ী পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণকে নিশ্চিত করছে যে,

(ক) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী পরিষ্কারভাবে এর কাজের অবস্থা, ফলাফল ও অর্থ প্রবাহের অবস্থা স্বচ্ছতার সাথে তুলে ধরেছে।

(খ) কোম্পানির হিসাব যথাযথভাবে নথিভূক্ত করা হয়েছে এবং সেগুলি সংরক্ষিত আছে।

(গ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার ক্ষেত্রে যথাযথ নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং সে বিবরণীসমূহ বিচক্ষণতার সাথে সম্পন্ন করা হয়েছে।

(ঘ) বাংলাদেশের জন্য গৃহীত আন্তর্জাতিক হিসাব মান (IAS) এবং বাংলাদেশ আর্থিক প্রতিবেদন মান (BFRS) অনুসরণ করে আর্থিক বিবরণীসমূহ তৈরী করা হয়েছে এবং তা'র ব্যত্যয়ের কারণ যথাযথভাবেই ব্যাখ্যা প্রদান করা হয়েছে।

(ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সঠিকভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষন করা হয়েছে।

(চ) কোম্পানি একটি চলমান প্রকল্প হিসেবে চালু রয়েছে।

(ছ) এ প্রতিবেদনে গত বৎসরের পরিচালন ফলাফল থেকে তাৎপর্যপূর্ণ বিচ্যুতির উপর আলোকপাত করা হয়েছে এবং তার কারণসমূহ ব্যাখ্যা করা হয়েছে।



(জ) পূর্ববর্তী পাঁচ বছরের আর্থিক ও পরিচালনার প্রধান তথ্যগুলি যথাযথভাবে সন্নিবেশিত হয়েছে।

(ঝ) ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরে পরিচালনা পর্ষদের মোট ৬টি সভা অনুষ্ঠিত হয়েছে, সভায় পরিচালকবৃন্দের উপস্থিতির বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

ক্রমিক নং	পরিচালকগনের নাম	পদবী	সভা	উপস্থিতি
০১	জনাব মোঃ কামাল হোসেন গাজী	চেয়ারম্যান	৬	৬
০২	মোহাঃ আব্দুল হালিম	পরিচালক	৬	৬
০৩	মোঃ আহসান উল্লাহ্	পরিচালক		
	মোঃ মুকিত হালিম	বিকল্প পরিচালক	৬	৪
০৪	মোঃ আসাদ উল্লাহ্	পরিচালক		
	মোঃ ছলিম উল্লাহ্	বিকল্প পরিচালক	৪	৪
	মোঃ মোস্তাসিন হালিম	বিকল্প পরিচালক	২	২
০৫	মোঃ আমিনুল কাদের খান	পরিচালক	৬	৬
০৬	এ.টি.এম. আহমেদুর রহমান	পরিচালক	৬	৬
০৭	মোঃ সুলতান জাহাঙ্গীরি	স্বতন্ত্র পরিচালক	৫	৪
	মোঃ নূরুল হক	স্বতন্ত্র পরিচালক	১	১
০৮	খন্দকার নূরুজ্জামান	স্বতন্ত্র পরিচালক	৬	৬

কোম্পানির স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ সুলতান জাহাঙ্গীরি ব্যক্তিগত কারণে দায়িত্ব থেকে অব্যাহতি গ্রহণ করায় কোম্পানির পরিচালনা পর্ষদের ২২১তম সভায় জনাব মোঃ নূরুল হক কে সভায় সর্বসম্মতিক্রমে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। বিকল্প পরিচালক জনাব মোঃ ছলিম উল্লাহ্ এর পরিবর্তে জনাব মোঃ মোস্তাসিন হালিম কে বিকল্প পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে, তিনি অডিট কমিটির সদস্য হিসেবে ২২১তম পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক দায়িত্বপালন করছেন।

(ঞ) শেয়ার হোল্ডিং এর ধরন নিরীক্ষিত হিসাবের টিকা নং- ৮ বিবরনীতে দেয়া আছে।

i) কোম্পানির কোন সহযোগী প্রতিষ্ঠান নেই।

ii) পরিচালকগণ কর্তৃক ধারনকৃত শেয়ারের অবস্থা ৩০.০৬.২০১৮ইং তারিখে নিম্নরূপ ছিল।


পরিচালকগণের নাম	পদবী	শেয়ার সংখ্যা	শতকরা হার (%)
মোহাঃ আব্দুল হালিম	উদ্যোক্তা পরিচালক	১০৫১৮৩	২.০৭
মোঃ আহসান উল্লাহ্	উদ্যোক্তা পরিচালক	২১৭৪২৭	৪.২৭
মোঃ আসাদ উল্লাহ্	পরিচালক	২৪৫৫১৫	৪.৮২
মোঃ কামাল হোসেন গাজী	আইসিবি মনোনীত পরিচালক	১১৫৪৯২১	২২.৬৮
মোঃ আমিনুল কাদের খান			
এ.টি.এম. আহমেদুর রহমান			
খন্দকার নূরুজ্জামান	স্বতন্ত্র পরিচালক	০	০
মোঃ নূরুল হক	স্বতন্ত্র পরিচালক	০	০

প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স এবং তাদের স্ত্রীদের শেয়ার মালিকানার অবস্থা ৩০.০৬.২০১৮ইং তারিখে নিম্নরূপ ছিল।

ক্রমিক নং	নাম	শেয়ারের সংখ্যা	স্ত্রীর নাম	শেয়ারের সংখ্যা
০১	মোঃ নুরুল আবছার ব্যবস্থাপনা পরিচালক (সি.সি) ও প্রধান অর্থ কর্মকর্তা	০	মিসেস নাজনীন আক্তার	০
০২	এএইচএম জাকারিয়া সহঃকোম্পানি সচিব	০	সাবরিনা নাইস	০
০৩	মোঃ রাশিদুল হাসান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা	০	প্রযোজ্য নয়	০

পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স ব্যতীত শীর্ষ ৫ (পাঁচ) জন বেতনভুগী কর্মকর্তার শেয়ার মালিককানার অবস্থা ৩০.০৬.২০১৮ইং তারিখে নিম্নরূপ ছিল।

ক্রমিক নং	নাম	পদবী	শেয়ারের সংখ্যা
০১	শেখ ফরিদ আহমেদ	কারখানা ব্যবস্থাপক	০
০২	মোঃ মকবুল হোসেন	ব্যবস্থাপক (বিক্রয় ও বাণিজ্যিক)	০
০৩	দীদার উদ্দিন আহমেদ	উৎপাদন ব্যবস্থাপক	০
০৪	মোঃ মোস্তফা কামাল	সহঃ কারখানা ব্যবস্থাপক	০
০৫	মোঃ সিরাজুল ইসলাম	নির্বাহী প্রকৌশলী	০



১৫। পরিচালকবৃন্দের অবসর ও পুনঃনির্বাচন ঃ

i) পরিচালকদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত বার্ষিক প্রতিবেদন সংযুক্ত আছে।

ii) পরিচালকদের অভিজ্ঞতা তাহাদের জীবন বৃত্তান্তে উল্লেখ আছে।

iii) আলোচ্য সময়ে নিম্নলিখিত ব্যক্তিবর্গ কোম্পানীর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

ক্রমিক নং	পরিচালকগনের নাম	পদবী	কার্যকাল	কমিটি পদ
০১	মোঃ কামাল হোসেন গাজী	পরিচালক	১৮/০১/২০১৭ তারিখ থেকে পর্ষদে আছেন	
০২	মোহাঃ আব্দুল হালিম	পরিচালক	উদ্যোক্তা	
০৩	মোঃ আহসান উল্লাহ্	পরিচালক	উদ্যোক্তা	
০৪	মোঃ আসাদ উল্লাহ্	পরিচালক	কার্যক্রম শুরুথেকে পর্ষদে আছেন	
০৫	মোঃ আমিনুল কাদের খান	পরিচালক	২৮/০৪/২০১৬ তারিখ থেকে পর্ষদে আছেন	সদস্য, NRC
০৬	এ.টি.এম. আহমেদুর রহমান	পরিচালক	২৭/১০/২০১৬ তারিখে থেকে পর্ষদে আছেন	সদস্য, অডিট কমিটি
০৭	খন্দকার নূরুজ্জামান	স্বতন্ত্র পরিচালক	২৮/০৪/২০১৬ তারিখ থেকে পর্ষদে আছেন	চেয়ারপারসন, NRC
০৮	মোঃ নূরুল হক	স্বতন্ত্র পরিচালক	৩১/০৫/২০১৮ তারিখ থেকে পর্ষদে আছেন	চেয়ারপারসন, অডিট কমিটি

উদ্যোক্তা পরিচালক জনাব মোহাঃ আব্দুল হালিম, আইসিবি মনোনিত পরিচালক জনাব মোঃ কামাল হোসেন গাজী কোম্পানির সংঘ বিধির ১২৮ ও ১২৯ ধারা অনুযায়ী পরিচালক পদ থেকে অবসর নিয়েছেন এবং উক্ত বিধির ১৩০ ধারা অনুযায়ী পুনঃনির্বাচনের ইচ্ছে প্রকাশ করেন, যোগ্যবিধায় তাহাদেরকে পুনঃনিয়োগের সুপারিশ করা হ'ল। উল্লেখ্য যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/২০০৬-১৫৮/২০৭/Admin/৮০ তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition ১.(২) (e) মোতাবেক স্বতন্ত্র পরিচালকগণ ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হওয়ায় স্বতন্ত্র পরিচালক জনাব খন্দকার নূরুজ্জামান ও জনাব মোঃ নূরুল হক কে অবসর ও পুনঃনির্বাচনের আওতায় নেওয়া হয়নি।

১৬। স্বতন্ত্র পরিচালক নিয়োগ অনুমোদন ঃ

কোম্পানির স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ সুলতান জাহাঙ্গীরি ব্যক্তিগত কারণে দায়িত্ব থেকে অব্যাহতি গ্রহণ করায় কোম্পানির পরিচালনা পর্ষদের ২২১তম সভায় জনাব মোঃ নূরুল হক কে সভায় সর্বসম্মতিক্রমে স্বতন্ত্র পরিচালক হিসেবে ৩ বৎসরের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে। যাহা অনুমোদনের জন্য বার্ষিক সভায় প্রস্তাব করছে।

১৭। চলমান ব্যবসায়-প্রতিষ্ঠান ঃ

পরিচালনা পর্ষদ প্রত্যাশা করে যদি কোম্পানি তার উৎপাদন ক্ষমতার যথাযথ ব্যবহার ও অবকাঠামোগত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে পারে তাহলে অত্র কোম্পানি ভবিষ্যতেও তার কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যেতে সক্ষম হবে। এ জন্য আর্থিক বিবরণী প্রস্তুতকালে একটি চলমান ধারাবাহিক প্রতিষ্ঠান হিসাবে গণ্য করে বিবরণী প্রস্তুতের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

১৮। জাতীয় কোষাগারে অবদান ঃ

কোম্পানি আলোচ্য সময়ে জাতীয় কোষাগারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৪.০১ কোটি টাকা কর/ভ্যাট/শুল্ক প্রদান করেছে।

১৯। আইপিও/আরপিও/আরও ঃ

কোম্পানিতে আলোচ্য সময়ে প্রাথমিক গনপ্রস্তাব, পুনঃগনপ্রস্তাব ও রাইট অফার সংক্রান্ত কার্যাদি সংগঠিত হয়নি।

২০। ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদনের মধ্যে পরিবর্তন ঃ

আলোচ্য সময়ের বার্ষিক প্রতিবেদনের সাথে ত্রৈমাসিক প্রতিবেদনের উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়নি, তবে বার্ষিক প্রতিবেদনে চলতি বছর কাঁচামাল সরবরাহকারী প্রতিষ্ঠানগুলির বকেয়া পরিশোধ ও অন্যান্য খরচ বৃদ্ধির ফলে পূর্ববর্তী বছরের তুলনায় চলতি বছরে NOCFPS হ্রাস পেয়েছে।

২১। সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিঃ (সিডিবিএল) ঃ

সেন্ট্রাল ডিপোজিটরী সিস্টেম এর মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে আজিজ পাইপস্ লিঃ এর শেয়ারসমূহ ২৯-১০-২০০৯ তারিখ থেকে স্টক এক্সচেঞ্জ সমূহে লেনদেন হচ্ছে।

২২। ব্যবস্থাপনা পরিচালকের চলতি দায়িত্ব ঃ

পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক গত ৩০-০৪-২০১৪ তারিখ থেকে কোম্পানির প্রধান অর্থ কর্মকর্তা জনাব মোঃ নূরুল আবছার ব্যবস্থাপনা পরিচালকের চলতি দায়িত্ব পালন করছেন।

২৩। বহিঃনিরীক্ষক নিয়োগ ঃ

কোম্পানির বর্তমান বহিঃনিরীক্ষক মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ২০১৭-২০১৮ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসাবে সাধারন সভা কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়েছিল, সে মোতাবেক এই বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহণ করবেন। মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ২০১৮-২০১৯ আর্থিক বছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসাবে যোগ্য বিধায় পুনঃনিয়োগের জন্য ইচ্ছা প্রকাশ করেছেন পরিচালনা পর্ষদ পূর্বের পারিশ্রমিকে মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্ কে ২০১৮-২০১৯ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় সুপারিশসহ উপস্থাপন করেছে।

২৪। CGC বিষয়ে নিরীক্ষক নিয়োগঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/২০০৬-১৫৮/২০৭/Admin/৮০ তারিখ জুন ৩,



২০১৮ অনুযায়ী Corporate Governance Code সমূহ কোম্পানি পরিপালন করেছে কিনা উক্ত বিষয়ে নিরীক্ষক বার্ষিক সাধারণ সভায় নিয়োগ করতে হবে। কোম্পানির ৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত বছরের CGC পরিপালন সম্পর্কিত বিষয়ে নিম্নলিখিত নিরীক্ষা প্রতিষ্ঠানগুলি নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য পারিশ্রমিক উল্লেখ পূর্বক আবেদন করেছে। নিম্নোক্ত প্রতিষ্ঠান সমূহের মধ্যে ১টি প্রতিষ্ঠানকে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হ'ল।

ক্রমিক নং	নিরীক্ষা প্রতিষ্ঠানের নাম	পারিশ্রমিক
০১	আতিক খালেদ চৌধুরী, চ্যার্টার্ড একাউনটেন্টস	১৮,০০০/-
০২	চৌধুরী হোসেন রশিদ এন্ড কোং, চ্যার্টার্ড একাউনটেন্টস	১৫,০০০/-
০৩	মেসার্স এফএএমইএস এন্ড আর, চ্যার্টার্ড একাউনটেন্টস	১২,০০০/-

২৫। নিরীক্ষা কমিটি ঃ

নিরীক্ষা কমিটি তিনজন পরিচালক নিয়ে গঠিত। স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ নূরুল হক কমিটির চেয়ারপারসনের দায়িত্ব পালন করছেন। নিরীক্ষা কমিটির উদ্দ্যেশ্য হচ্ছে কোম্পানির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুনির্দিষ্ট ও সূচারুরূপে পরিচালনা নিশ্চিত করা এবং পরিচালনা পর্ষদকে তথ্য প্রদান করে সহযোগিতা করা। তাছাড়াও বাৎসরিক আর্থিক বিবরণী ও ত্রৈমাসিক (Quarterly) আর্থিক বিবরণী সমূহ পর্যালোচনা করে মতামতসহ পরিচালনা পর্ষদে উপস্থাপনের সুপারিশ করে থাকে।

২৬। NRC গঠন ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/২০০৬-১৫৮/২০৭/Admin/৮০ তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition No. ৬ মোতাবেক কোম্পানির বোর্ডে সাব কমিটি হিসেবে Nomination and Remuneration Committee (NRC) থাকতে হবে। ২৮ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ২২৩তম সভায় স্বতন্ত্র পরিচালক জনাব খন্দকার নূরুজ্জামান কে কমিটির চেয়ারপারসন এবং পরিচালক জনাব মোঃ আমিনুল কাদের খান ও বিকল্প পরিচালক জনাব মোঃ মুকিত হালিম কে সদস্য করে (NRC) কমিটি গঠন করা হয়েছে। ২০১৭-১৮ আর্থিক বছরে কমিটির কোন সভা অনুষ্ঠিত হয়নি। আগামিতে অবশ্যই বিষয়গুলি যথাযথভাবে পরিপালন করা হবে।

২৭। আর্থিক বিবৃতির ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান অর্থ কর্মকর্তা (সিএফও) আর্থিক প্রতিবেদনের দায়বদ্ধতা ঃ

আর্থিক বিবৃতি পরিক্ষা করা এবং সনদ প্রদান করা ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান অর্থ কর্মকর্তার (সিএফও) দায়িত্ব। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান অর্থ কর্মকর্তা (সিএফও) অক্টোবর ২৮, ২০১৮ তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় সনদ উপস্থাপন করেন, যাহা বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশিত করা হয়েছে। উল্লেখ্য যে, প্রধান অর্থ কর্মকর্তা জনাব মোঃ নুরুল আবছার ব্যবস্থাপনা পরিচালক হিসেবে চলতি দায়িত্ব পালন করায় তিনি সনদে স্বাক্ষর করেছেন।

২৮। ঝুঁকি ব্যবস্থাপনাঃ

আমাদের ব্যবসা প্রতিষ্ঠানের বাহ্যিক ও অভ্যন্তরীণ বিভিন্ন ঝুঁকি রয়েছে। ব্যাংক দায় পরিশোধের ক্ষেত্রে কোম্পানির ঝুঁকি রয়েছে। বিশেষ করে উত্তরা ব্যাংক লিঃ এর ক্ষেত্রে নিম্ন আদালতের রায় ব্যাংকের পক্ষে থাকার পর কোম্পানি আপত্তি জানিয়েছে যাহা বর্তমানে বিচারাধীন। ইহাছাড়া ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এর ক্ষেত্রেও ঝুঁকি রয়েছে যাহা মোকাবেলা করতে হবে। তাছাড়া চলতি মূলধনের অভাব, প্রতিযোগী কোম্পানির সাথে প্রতিযোগিতা, আইনী বিষয় ইত্যাদি ক্ষেত্রে ঝুঁকি মোকাবেলার জন্য কোম্পানি প্রস্তুত রয়েছে। আজিজ পাইপস্ লিমিটেড ঝুঁকিসমূহ মোকবেলায় সার্বক্ষণিক পর্যবেক্ষণের মধ্যে রয়েছে। আশাকরি, কোম্পানি যথাযথ পদক্ষেপ গ্রহণ করে ঝুঁকিসমূহ কাটিয়ে উঠতে সামর্থ্য হবে।

২৯। পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ঃ

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত আছেন।

৩০। প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিব ও প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স ঃ

উপরোক্ত পদসমূহে পৃথক পৃথক কর্মকর্তা নিয়োজিত আছেন।

৩১। সামাজিক দায়বদ্ধতা ঃ

প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন সময়ে দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ ও সাহায্য প্রদান এবং ফরিদপুরে মসজিদ উন্নয়নে সহায়তা অব্যাহত রয়েছে।

৩২। পরিচালকদের সম্মানি ঃ


কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়কে মাসিক ১০,০০০/- টাকা সম্মানি প্রদান করা হয়। ইহাছাড়া স্বতন্ত্র পরিচালক ও অন্যান্য পরিচালকগন কেবলমাত্র পর্ষদ সভায় উপস্থিতির জন্য সম্মানি পেয়ে থাকেন, তাদেরকে আর কোন সম্মানি প্রদান করা হয় না।

৩৩। কৃতজ্ঞতা স্বীকার ঃ

পরিশেষে, কোম্পানিকে সকল প্রকার সহযোগিতা করার জন্য পরিচালকবৃন্দের পক্ষ থেকে আমি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, ক্রেতাবর্গ, ডিলারগণ, সরবরাহকারী, কর্মকর্তা কর্মচারীবৃন্দ, ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন এজেন্সীর কাছে কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি আশা করি সকলের আন্তরিক সহযোগিতা ও প্রচেষ্টায় আগামীতেও কোম্পানির প্রবৃদ্ধি ও মুনাফা অর্জনে সাফল্যের ধারা অব্যাহত রাখতে পারবে। আল্লাহ্পাক আমাদের সহায় হোন।

ধন্যবাদান্তে,
পরিচালনা পর্ষদের পক্ষে,

(মোঃ কামাল হোসেন গাজী)
চেয়ারম্যান



নিরীক্ষা কমিটির প্রতিবেদন

০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ তারিখ পর্যন্ত সময়ের জন্য

আজিজ পাইপস্ লিঃ এর কার্যক্রম বাস্তবায়নে পরিচালনা পর্ষদকে সহযোগীতার জন্য প্রচলিত নিয়মকানুন, অভ্যন্তরীণ নীতি, নিয়ন্ত্রণ সংস্থা কর্তৃক আরোপিত সকল প্রকার নির্দেশনার যথাযথ পরিপালন ও বাস্তবায়নের জন্য নিরীক্ষা কমিটির কার্যক্রম পরিচালিত হয়।

বর্তমান নিরীক্ষা কমিটিঃ

ক্রমিক নং	নাম	নিরীক্ষা কমিটিতে পদবী	পরিচালনা পর্ষদে পদবী
০১	মোঃ নূরুল হক	চেয়ারপারসন	স্বতন্ত্র পরিচালক
০২	মোঃ মুকিত হালিম	সদস্য	বিকল্প পরিচালক
০৩	এ.টি.এম. আহমেদুর রহমান	সদস্য	পরিচালক
০৪	মোঃ মোস্তাসিন হালিম	সদস্য	বিকল্প পরিচালক
০৫	এএইচএম জাকারিয়া	সচিব	সহঃ কোম্পানি সচিব

স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ সুলতান জাহাঙ্গীরি এর পরিবর্তে জনাব মোঃ নূরুল হক কে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করায় তিনি অডিট কমিটির চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করছেন। ইহাছাড়া বিকল্প পরিচালক জনাব মোঃ মোস্তাসিন হালিম কে ২২১তম পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক অডিট কমিটির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে।

৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরে অডিট কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি।

ক্রমিক নং	নাম	পদবী	অনুষ্ঠিতব্য সভা	উপস্থিতি
০১	মোঃ সুলতান জাহাঙ্গীরি	চেয়ারপারসন	৩	৩
০২	মোঃ নূরুল হক		১	১
০৩	মোঃ মুকিত হালিম	সদস্য	৪	৪
০৪	এ.টি.এম. আহমেদুর রহমান	সদস্য	৪	৪
০৫	মোঃ মোস্তাসিন হালিম	সদস্য	১	১

সকল সভার কার্যবিবরণী সময়মত ও নিয়মিতভাবে কোম্পানির পরিচালনা পর্ষদকে অবহিত করা হয়েছে। প্রতিটি সভায় কোম্পানি সচিব কমিটির সদস্য সচিব হিসাবে এবং ব্যবস্থাপনা পরিচালক (সি.সি) আমন্ত্রিত সদস্য হিসেবে সভায় অংশ গ্রহণ করেছে। এছাড়াও প্রয়োজন অনুসারে অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিপালন কর্মকর্তা অন্যান্য বিভাগীয় প্রধান ও বহিঃনিরীক্ষককেও নিরীক্ষা কমিটির সভায় আমন্ত্রণ জানানো হয়েছে।

নিরীক্ষা কমিটির কার্যক্রমঃ

ক) আর্থিক প্রতিবেদনে কোম্পানি আইন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রচলিত আইন এবং অন্যান্য নিয়মনীতি অনুসরন করা হয়েছে কিনা তা পর্যবেক্ষন করা।

খ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, ঝুকি ব্যবস্থাপনার দিকে নজর দেওয়া।

গ) কোম্পানীর বহিঃনিরীক্ষক নিয়োগের জন্য নিরীক্ষা কমিটি পর্ষদে সুপারিশ করা।

ঘ) কমিটি ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরের কোম্পানীর আর্থিক প্রতিবেদন পর্যালোচনা এবং উক্ত প্রতিবেদন আন্তর্জাতিক হিসাব মান (IAS) ও বাংলাদেশ হিসাব মানের (BAS) অনুসৃত নিয়মের আলোকে প্রস্তুত হয়েছে কিনা তাহা নিশ্চিত করেছে।

ঙ) বার্ষিক, অর্থ-বার্ষিক এবং ত্রৈ-মাসিক আর্থিক প্রতিবেদন অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদে সুপারিশ করা।

চ) অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা উন্নত করতে নিরীক্ষা কার্যক্রম পরিকল্পনা বাস্তবায়ন মনিটর করা।

নিরীক্ষা কমিটি পরিচালনা পর্ষদের সকল সদস্য, নিরীক্ষক, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে কমিটির দায়িত্ব ও কর্তব্য পালনে তাদের সহযোগীতার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছে।

(মোঃ নূরুল হক)
চেয়ারপারসন, নিরীক্ষা কমিটি

Annexure-A
[As per condition No. 1(5) (xxvi)]

Name of the company: Aziz Pipes Ltd.
Declaration by CEO and CFO

তারিখ ঃ ২৮/১০/২০১৮

পরিচালনা পর্ষদ
আজিজ পাইপস্ লিমিটেড
৯৩, মতিঝিল বা/এ (৪র্থ তলা)
ঢাকা-১০০০।

বিষয় ঃ ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান অর্থ কর্মকর্তার ঘোষণা।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের ৩ জুন ২০১৮ তারিখের নোটিফিকেশন নং-বিএসইসি/সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/২০৭/প্রশাসন/৮০ এর শর্ত নং- ১(৫) (xxvi) অনুযায়ী এবং বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ অধ্যাদেশ ১৯৬২ এর 2 CC ধারার অধীনে ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বছরের জন্য আমি ঘোষণা করছি যে,

১. ৩০ জুন ২০১৮ তারিখ সমাপ্ত বছরের আর্থিক প্রতিবেদন IAS/IFRS মোতাবেক করা হয়েছে।
২. আর্থিক বিকৃতিগুলো যুক্তি সঙ্গতভাবে উপস্থাপিত হয়েছে;
৩. হিসাবগুলি যথাযথভাবে রক্ষণাবেক্ষন করা হয়েছে;
৪. অভ্যন্তরীণ নিরীক্ষক দ্বারা হিসাবগুলি নিরীক্ষা ও নীতিগুলি ধারাবাহিকভাবে অনুসরন করা হয়েছে।
৫. আর্থিক বিবরণীতে চলমান হিসাব নীতি যথাযথ ব্যবহার করা হয়েছে।

আমি আরও ঘোষণা করছি যে,

১. আমি এ সমাপ্ত বছরের আর্থিক বিবরণী পর্যালোচনা করেছি এবং আমার বিশ্বাস মতে,
   ক) আর্থিক বিবরণীতে কোন বিষয়-বস্তুতে অসত্য বিবৃতি নেই অথবা কোন গুরুত্বপূর্ণ তথ্য বাদ পড়েনি বা বিভ্রান্তিকর কোন বিবৃতি আসেনি;
   খ) আর্থিক বিবরণীতে কোম্পানীর কার্যক্রমের সত্য চিত্র উপস্থাপিত হয়েছে এবং বর্তমান হিসাব মান ও রীতি মেনে আর্থিক বিবরণী তৈরী করা হয়েছে।
২. আমার বিশ্বাস মতে সংশ্লিষ্ট বছরে আর্থিক বিবরণীতে কোন প্রতারণাপূর্ণ, বেআইনী বা কোম্পানির আচরণবিধি পরিপন্থী কোন লেনদেন সংগঠিত হয়নি।

আপনার বিশ্বস্ত

(মোঃ নুরুল আবছার)
ব্যবস্থাপনা পরিচালক (সি.সি) ও
প্রধান অর্থ কর্মকর্তা



Annexure -C

As per condition No. 1(5)(xxvii)

Status of compliance with the conditions imposed by Bangladesh Securities and Exchange Commission (BSEC) vide Notification No. SEC/CMRRCD/2006-158/207/Admin/80, dated 3 June, 2018 issued under section 2CC of The Securities and Exchange Ordinance, 1969:

(Report under condition No.9.00)


Condition No.	Title	Compliance Status (Put ✓ in the appropriate column)		Remarks (if any)
		Complied	Not complied	
1.	**Board of Directors:**			
1(1)	Board's Size: Board members shall not be less than 5 and more than 20	✓		
1(2)	**Independent Directors:**			
1(2)(a)	At least 1/5 of the total members of directors in the company's board shall be independent directors.	✓		
1(2)(b)(i)	Independent Director does not hold any share or holds less than 1% share of the company.	✓		
1(2)(b)(ii)	Independent Director is not sponsor of the company.	✓		
1(2)(b)(iii)	Who has not been an executive of the company in immediately preceding 2(Two) financial years;	✓		
1(2)(b)(iv)	Who does not have any pecuniary or otherwise relationship with the company.	✓		
1(2)(b)(v)	Independent Director is not a member, director or officer of any stock exchange.	✓		
1(2)(b)(vi)	Independent Director is not a shareholders, director or officer of any member of stock exchange or an intermediary of the capital market.	✓		
1(2)(b)(vii)	Independent Director is not a partner or an executive or was not a partner or an executive during the preceding 3 (three) years of the concerned company's statutory audit firm;	✓		
1(2)(b)(viii)	They are not the Independent directors in more than 5(Five) listed companies;	✓		
1(2)(b)(ix)	Independent director has not been convicted by a court of competent jurisdiction as a defaulter in payment of any loan to a bank or a Non-bank Financial Institution (NBFI).	✓		
1(2)(b)(x)	Independent director has not been convicted for a criminal offence involving moral turpitude.	✓		
1(2)(c)	Independent Directors shall be appointed by the board of directors and approved by the shareholders in the AGM.	✓		
1(2)(d)	The post of Independent director cannot remain vacant for more than 90 days	✓		
1(2)(e)	The tenure of office of an independent director shall be for a period of 3 (three) years, which any be extended for 1 (one) term only.	✓		
1.3	**Qualification of Independent Director (ID):**			
1(3)(a)	Independent director shall be a knowledgeable individual with integrity who is able to ensure compliance with financial, regulatory and corporate laws and can make meaningful contribution to business.	✓		
1(3)(b)	Independent director former official of government, Who has education background of muster degree in economic & management			
1(3)(c)	Independent director must have at least 10 years of corporate management/ professional experiences.	✓		
1(3)(d)	In special cases the qualification may be relaxed subject to prior approval of the commission			N/A

DSE-STOCK



Condition No.	Title	Compliance Status (Put ✓ in the appropriate column)		Remarks (if any)
		Complied	Not complied	
1(4)	**Duality of Chairperson of the Board of Directors and Managing Director or CEO**			
1(4)(a)	The Positions of the Chairperson of the Board and the Managing Director (MD) and/or Chief Executive Officer (CFO) of the company shall be filled by different individuals;	✓		
1(4)(b)	The Managing Director (MD) and/or Chief Executive Officer (CFO) of a listed company shall not hold the same position in another listed company;	✓		
1(4)(c)	The Chairperson of the board shall be elected from among the non-executive directors of the company;	✓		
1(4)(d)	The board shall clearly define respective roles and responsibilities of the chairperson and the Managing Director and/or Chief Executive Officer;	✓		
1(5)	**The Director's report to Shareholders :**			
1(5)(i)	Industry outlook and possible future developments in the industry.	✓		
1(5)(ii)	Segment-wise or product wise performance.	✓		
1(5)(iii)	Risks and concerns.	✓		
1(5)(iv)	Discussion on Cost of Goods Sold, Gross Profit Margin and Net Profit Margin.	✓		
1(5)(v)	Discussion on continuity of any Extra-ordinary gain or loss.	✓		
1(5)(vi)	Basis of related party transactions-a statement of all related party transactions should be disclosed in the annual report.	✓		
1(5)(vii)	Utilization of proceeds from public issues, rights issues and / or through any other instruments.			N/A
1(5)(viii)	Explanations if the financial results deteriorate after the company goes for Initial Public Offering (IPO).			N/A
1(5)(ix)	Explanation if variance occurs between quarterly financial and Annual Financial Statements.	✓		
1(5)(x)	Remuneration to directors including independent directors.	✓		
1(5) (xi)	Fairness of Financial Statements.	✓		
1(5)(xii)	Maintenance of proper books of accounts.	✓		
1(5)(xiii)	Consistent application of Accounting Policies in preparation of Financial Statements.	✓		
1(5)(xiv)	Observance of Bangladesh Accounting Standards (BAS) /International Accounting Standards(IAS)/ Bangladesh Financial Reporting Standards (BFRS) and International	✓		
1(5)(xv)	A statement that the system of internal control is sound in design and has been effectively implemented and monitored	✓		
1(5) (xvii)	Ability to continue as a going concern.	✓		
1(5)(xviii)	Significant deviations in operating results from last year.	✓		
1(5) (xix)	Key operating and financial data of at least last five years shall be summarized.	✓		
1(5)(xx)	An explanation on the reasons if the issuer company has not declared dividend (cash or stock) for the year			N/A
1(5)(xxi)	Board's statement to the effect that no bonus share or stock dividend has been or shall be declared as interim dividend			N/A
1(5)(xxii)	Number of Board Meeting held during the year and attendance by each Director.	✓		
1(5)(xxiii)	Shareholding pattern.	✓		
1(5)(xxiv)	Appointment/Re-appointment of director of the company.	✓		
1(5)(xxv)	A management's discussion and analysis	✓		


WWW.NEWSTOCK




Condition No.	Title	Compliance Status (Put ✓ in the appropriate column)		Remarks (if any)
		Complied	Not complied	
1(5)(xxvi)	Declaration or certificate by the CEO & CFO	✓		CEO and CFO is the same person certified to the board during finalization of financial statement which is stated in the "Directors declaration as to Financial statements in the Directors Report".
1(5)(xxvii)	The report as well as certificate shall be disclosed	✓		
1(6)	Meetings of the Board of Directors	✓		
1(7)	Code of conduct for the Chairperson	✓		
1(7)(a)	The board shall lay down a code of conduct of the company	✓		
1(7)(b)	The code of conduct and independency	✓		
2.	**Subsidiary Company:**			
2(a)	Composition of the Board of Directors of the holding company shall be made applicable to the composition of the Board of Directors of the Subsidiary Company.			Not applicable
2(b)	At least 1 (one) independent director on the Board of Directors of the holding company shall be a director on the Board of Directors of the subsidiary company.			Not applicable
2(c)	Minutes of the Board meeting of the subsidiary company shall be placed for review at the following Board meeting of the holding company.			Not applicable
2(d)	Minutes of the respective Board meeting of the holding company shall state that they have reviewed the affairs of the subsidiary company also.			Not applicable
2(e)	Audit committee of the holding company shall also review the financial statements, in particular the investments made by the subsidiary company.			not applicable
3.	**Managing Director (MD) or Chief Executive Officer (CEO), Chief Financial Officer (CFO), Head of Internal Audit and Compliance (HIAC) and Company Secretary:**			
3(1)(a)	The board shall appoint MD or CEO, CFO, HIAC and CS.	✓		
3(1)(b)	The position of MD or CEO, CFO, HIAC and CS. shall be filled by different individuals;	✓		Mr. Nurul Absar holds two positions as Managing Director(CC) and CFO accordingly to board decision
3(1)(c)	The MD, CS, CFO & HIAC of a listed company shall not hold any executive position in any other company at the same time;	✓		
3(1)(d)	The board shall clearly define respective roles, responsibilities and duties of the CFO, the HIAC and the CS:	✓		
3(1)(e)	The MD, CS, CFO & HIAC shall not be removed from their position without approval of the board as well as immediate dissemination to the commission and stock exchange(s).	✓		
3(2)	Attendance of CFO and the Company Secretary at Board of Directors Meeting.	✓		



Condition No.	Title	Compliance Status (Put ✓ in the appropriate column)		Remarks (if any)
		Complied	Not complied	
3(3)	**Duties of MD or CEO & CFO:**			
3(3)(a)	The MD & CFO shall certify to the board	✓		
3(3)(a)(i)	These statement do not contain any materially	✓		
3(3)(a)(ii)	These statement together present a true and fair	✓		
3(3)(b)	The MD & CFO shall also board or its member	✓		
3(3)(c)	The certification of the MD & CFO disclose	✓		
4.	**Board of Directors Committee:**			
4.(i)	Audit Committee	✓		
4.(ii)	Nomination & Remuneration Committee	✓		
5	**Audit Committee:**			
5(i)(a)	The Company shall have an Audit Committee as a sub-committee of the Board of Directors.	✓		
5(i)(b)	The Audit Committee shall assist the Board of Directors in ensuring that the financial statements reflect true and fair view of the state of affairs of the company and in ensuring a good monitoring system within the business.	✓		
5(1)(c)	The Audit Committee shall be responsible to the Board of Directors. The duties of the Audit Committee shall be clearly set forth in writing.	✓		
5(2)	**Constitution of the Audit Committee:**			
5(2)(a)	Audit Committee shall be composed of at least 3 (three) members.	✓		
5(2)(b)	Board of Directors shall appoint members of the Audit Committee who shall be directors of the company and shall include at least 1 (one) Independent Director.	✓		
5(2)(c)	All members of the audit committee should be "financially literate" and at least 1 (one) member shall have accounting or related financial management experience.	✓		
5(2)(d)	Board of Directors shall appoint new committee members if any vacancies.	✓		
5(2)(e)	Company Secretary shall acts as Secretary of the committee.	✓		
5(2)(f)	The Quorum of the Audit Committee meeting shall not constitute without at least 1 (one) Independent Director.	✓		
5(3)	**Chairman of the Audit Committee:**			
5(3)(a)	Chairman of the Audit Committee shall be an Independent director.	✓		
5(3)(c)	Chairman of the audit committee shall remain present in the Annual General Meeting (AGM).	✓		
5(4)	**Meeting of the Audit Committee:**			
5(4)(a)	The audit committee shall conduct at least its four meetings in a financial year:	✓		
5(4)(b)	The quorum of the meeting of the audit committee shall be constituted in presence of either two members or two-third of the members of the Audit Committee, whichever is higher, where presence of an independent director is a must.	✓		
5(5)	**Role of the Audit Committee:**			
5(5)(a)	Oversee the financial reporting process.	✓		
5(5)(b)	Monitor choice of Accounting policies and principles.	✓		
5(5)(c)	Monitor Internal Control Risk management process.	✓		
5(5)(d)	Oversee hiring and performance of external auditors.	✓		




Condition No.	Title	Compliance Status (Put ✓ in the appropriate column)		Remarks (if any)
		Complied	Not complied	
5(5)(e)	Hold meeting with the external or statutory auditors for review of the annual financial statement before submission to the board for approval or adoption;	✓		
5(5)(f)	Review along-with the management the annual the financial statements before submission to the board for approval.	✓		
5(5)(g)	Review quarterly and half yearly Financial Statements before submission to the board for approval.	✓		
5(5)(h)	Review the adequacy of internal audit function.	✓		
5(5)(i)	Review the management discussion and analysis before disclosing in the annual report;	✓		
5(5)(j)	Review significant related party transactions.			Not applicable
5(5)(k)	Review management letters/Letter of Internal Control weakness issued by statutory auditors.	✓		
5(5)(l)	Oversee the determination of audit fees based on scope and magnitude, level of expertise deployed and time required for effective audit and evaluate the performance of external auditors; and	✓		
5(5)(m)	'Preparing statement of IPO funds utilized and submit to audit committee.			Not applicable
5(6)	**Reporting of the on Audit Committee's:**			
5(6)(a)	Reporting to the board of directors.			
5(6)(a)(i)	Audit committee shall report to the Board	✓		
5(6)(a)(ii)	The Audit committee shall immediately report to the Board of Directors on the following findings if any;	✓		
5(6)(a)(ii)(a)	Report on conflicts of interests.	✓		
5(6)(a)(ii)(b)	Suspected or presumed fraud or irregularity or material defect in the internal control system.	✓		
5(6)(a)(ii)(c)	Suspected infringement of laws, including securities related laws, rules and regulations.	✓		
5(6)(a)(ii)(d)	Any other matter which shall be disclosed to the Board of Directors immediately.	✓		
5(6)(b)	Reporting to the Authorities	✓		
5(7)	Reporting to the Shareholders and General Investors	✓		
6.	**Nomination & Remuneration Committee (NRC):**			
6.(1)	Responsibility to the board of director.			
6.(1)(a)	The company shall have a nomination	✓		
6.(1)(b)	The NRC shall assist the board in formulation		✓	
6.(1)(c)	The terms of reference of the NRC		✓	
6.(2)	**Constitution of the NRC.**			
6.(2)(a)	The committee shall comprise	✓		
6.(2)(b)	All members of the committee shall be non-executive director	✓		
6.(2)(c)	Member of the committee shall be nominated	✓		
6.(2)(d)	The board shall have authority to remove and appoint any, member of the Committee;	✓		
6.(2)(e)	IN case of death, resignation vacancy in the committee	✓		
6.(2)(f)	The chairperson of the committee may appoint	✓		
6.(2)(g)	The company secretary shall act as the secretary of the committee	✓		
6.(2)(h)	The quorum of the NRC meeting shall not constitute		✓	
6.(2)(i)	No member of the NRC shall receive ,	✓		
6.(3)	**Chairperson of the NRC:**			
6.(3)(a)	The board shall select 1 member of the NRC	✓		
6.(3)(b)	IN the absence of the chairperson of the NRC		✓	NRC formed on 28-10-2018
6.(3)(c)	The chairperson of the NRC attend the AGM		✓	



Condition No.	Title	Compliance Status (Put ✓ in the appropriate column)		Remarks (if any)
		Complied	Not complied	
6.(4)	**Meeting of the NRC :**			
6.(4)(a)	The NRC shall conduct at least one meeting in a financial year;		✓	NRC formed on 28-10-2018
6.(4)(b)	The Chairperson of the NRC may convene any emergency meeting upon request by any member of the NRC;		✓	
6.(4)(c)	The quorum of the meeting of the NRC shall be constituted in presence of either two members or two third of the members of the Committee, whichever is higher, where presence of an independent director is must as required under condition No.6(2)(h);		✓	
6.(4)(d)	The proceedings of each meeting of the NRC shall duly be recorded in the minutes and such minutes shall be confirmed in the next meeting of the NRC.		✓	
6.(5)	**Role of the NRC:**			
6.(5)(a)	NRC shall be independent and responsible	✓		
6.(5)(b)	NRC shall oversee		✓	NRC formed on 28-10-2018
6.(5)(b)(i)	Formulating the criteria for determining			
6.(5)(b)(i)(a)	The level and composition run the company successfully		✓	
6.(5)(b)(i)(b)	The relationship of remuneration		✓	
6.(5)(b)(i)(c)	remuneration to director		✓	
6.(5)(b)(ii)	Devising a policy on board diversity		✓	
6.(5)(b)(iii)	Identifying person who are qualified		✓	
6.(5)(b)(iv)	Independent director of the board		✓	
6.(5)(b)(v)	Identifying the company need for employs		✓	
6.(5)(b)(vi)	Developing recommending and reviewing		✓	
6.(5)(c)	The company shall disclose the nomination		✓	
7.	**External or Statutory Auditors:**			
7.(1)	The issuer company shall not engage its external or statutory auditors to perform the following services of the company, namely:-			
7(1)(i)	Appraisal or valuation services or fairness opinions.	✓		
7(1)(ii)	Financial information system design and implementation.	✓		
7(1)(iii)	Book keeping or other services related to the accounting records or financial statements.	✓		
7(1)(iv)	Broker-dealer services.	✓		
7(1)(v)	Actuarial services.	✓		
7(1)(vi)	Internal audit services.	✓		
7(1)(vii)	Any other services that the audit committee determines.	✓		
7(1)(viii)	Audit or certification services on compliance	✓		
7(1)(ix)	Any other service that creates conflict of interest	✓		
7(2)	No partner or employees of the external audit firms shall possess any share of the company they audit at least during the tenure of their audit assignment of that company.	✓		
7(3)	Representative of external or statutory auditors shall remain present in the Shareholder's Meeting (AGM) to answer the queries of the shareholders.	✓		
8.	**Maintaining a website by the company:**			
8.(1)	The company shall have an official website	✓		
8.(2)	The company shall keep the website date of listing	✓		
8.(3)	The company shall make listing regulation of the concerned stock exchange	✓		

MAHESTOCK



